

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০২১.১৮/২২১৩/৪

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৩/০৬/২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগ প্রদান।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.(অংশ-১).১৪৭, তারিখ: ৩০/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১২/০৬/২০১৮ খ্রি. তারিখে জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ২৪(ঘ) ধারা অনুযায়ী এ নীতিমালার আওতায় বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের বিষয়ে সরকার পৃথক আদেশ জারি করবে। এ প্রেক্ষিতে এমপিওভুক্ত বেসরকারি কলেজে প্যাটার্নভুক্ত বৃদ্ধিপ্রাপ্ত পদগুলোতে নিয়োগ ও এমপিওভুক্তির বিষয়ে মন্ত্রণালয় সুত্রোক্ত পত্র জারি করেন।

বৃদ্ধিপ্রাপ্ত পদগুলোতে (জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা মোতাবেক) নিয়োগের বিষয়ে নির্দেশনা:

ক্র. নং	পদের নাম	বেতন কোড	নিয়োগ কার্যক্রম গ্রহণ (আর্থিক বছর)	নির্দেশনা
০১	প্রদর্শক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	১০		শূণ্য পদের বিপরীতে নিয়োগ দানের জন্য এনটিআরসিএ তে চাহিদা পত্র দেয়া যাবে।
০২	ল্যাব সহকারী (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	১৮	২০১৮-২০১৯	ল্যাব থাকা সাপেক্ষে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে পারবেন।
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১৬	২০১৯-২০২০	শুধুমাত্র উচ্চ মাধ্যমিক কলেজের (১১শ-১২শ) জন্য প্রযোজ্য।
০৪	ল্যাব সহকারী (২য় পদ)	১৮		ল্যাব থাকা সাপেক্ষে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে পারবেন। (রসায়ন/পদার্থ/উদ্ভিদ/প্রাণিবিদ্যা) এর যে কোন একটি
০৫	প্রদর্শক (চতুর্থ পদ)	১০	২০২০-২০২১	রসায়ন, পদার্থ এবং উদ্ভিদ/প্রাণিবিদ্যা এই তিনটি বিষয়ের মধ্যে যে বিষয়ের প্রদর্শক নাই কেবলমাত্র সে বিষয়ের প্রদর্শক পদের জন্য এনটিআরসিএ তে চাহিদা পত্র দেয়া যাবে।
০৬	ল্যাব সহকারী (৩য় পদ)	১৮	২০২১-২০২২	ল্যাব থাকা সাপেক্ষে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে পারবেন। (রসায়ন/পদার্থ/উদ্ভিদ/প্রাণিবিদ্যা) এর যে কোন একটি (পূর্বে নিয়োগকৃত পদ ব্যতীত)
০৭	ল্যাব সহকারী (৪র্থ পদ)	১৮	২০২২-২০২৩	ল্যাব থাকা সাপেক্ষে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে পারবেন। (রসায়ন/পদার্থ/উদ্ভিদ/প্রাণিবিদ্যা) এর যে কোন একটি (পূর্বে নিয়োগকৃত পদ ব্যতীত)

এমতাবস্থায়, বেসরকারি এম.পি.ও. ভুক্ত কলেজে প্রদর্শক, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এবং ল্যাব সহকারী পদে নিয়োগ ও এমপিওভুক্তির বিষয়ে বর্ণিত ছক অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১) নির্ধারিত আর্থিক বছরের পূর্বে কোন পদের নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে না।
- ২) কলেজে সংশ্লিষ্ট বিষয়ে ল্যাব আছে কিনা তা সংশ্লিষ্ট বিষয় বিশেষজ্ঞ কর্তৃক প্রত্যয়ন পত্রের দ্বারা নিশ্চিত হয়ে ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষা গ্রহণ করবেন।
- ৩) বর্ণিত নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের(স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৪) এ আদেশ শিক্ষা মন্ত্রণালয়ের সুত্রোক্ত পত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

(Signature)
৩০-০৬-১৯
(মো: এনাঙ্গুল হক হাওলাদার)
উপপরিচালক (কলেজ-২)
ফোন নং-৯৫৫৭৬৯১

অধ্যক্ষ

বেসরকারি এমপিওভুক্ত কলেজ(সংশ্লিষ্ট সকল)।

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সভাপতি, পরিচালনা পরিষদ, (সকল কলেজ)
- ২) অধ্যক্ষ, সরকারি কলেজ,সকল (বর্ণিত নির্দেশনা ও শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ কার্যক্রম নিশ্চিতের অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ),রমনা, ঢাকা।
- ৪) পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৫) উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৬) জেলা শিক্ষা অফিসার, সকল।
- ৭) মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য), মাউশি অধিদপ্তর, ঢাকা।
- ১০) সংরক্ষণ নথি